মেহেরপুর পৌর মেয়র রিটনের উদ্যোগে খাবার বিতরণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে মেহেরপুর পৌরমেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মেয়র মাহফুজুর রহমান রিটনের নেতৃত্বে পথচারীদের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।

খাবার বিতরণ উপলক্ষে আয়োজিত সংক্ষিপ্ত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহসভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহসভাপতি ও মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, আব্দুল মান্নান, মেহেরপুর জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এমএএস ইমন।

মেহেরপুর সদর উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক ও পৌর সভার কাউন্সিলর আল মামুনের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা আওয়ামীলীগের সদস্য মফিজুর রহমান, সাবেক ছাত্রনেতা আব্দুর রাজ্জাক, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান।

এছাড়া উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলী ইয়াসমিন, বঙ্গবন্ধু পেশাজীবি পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি রেহানা মান্নান, মহিলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক সফুরা খাতুন প্রমুখ।

আলোচনা সভা শেষে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। সবশেষে পথচারিদের মধ্যে উন্নতমানের খাবার বিতরণ করা হয়।